প্রশাসন

নতুন পর্ষদ পরিচালক নিয়োগ

১১.১ ১১ জুন ২০০৭ তারিখ থেকে জনাব মোঃ নজরুল হুদা ব্যাংকের পরিচালক পর্ষদের সদস্য হিসেবে জনাব মোঃ আলাহ্ মালিক কাজেমী এর স্থলাভিষিক্ত হন। ২১ নভেম্বর ২০০৬ তারিখ থেকে জনাব জাফর আহমেদ চৌধুরী ব্যাংকের পরিচালক পর্ষদের সদস্য হিসেবে জনাব আকতার হোসেন খান এর স্থলাভিষিক্ত হন। ১৩ ফেব্রুয়ারি ২০০৭ তারিখ থেকে ডঃ মোহাম্মদ তারেক ব্যাংকের পরিচালক পর্ষদের সদস্য হিসেবে জনাব সিদ্দিকুর রহমান চৌধুরী এর স্থলাভিষিক্ত হন। ১ মার্চ ২০০৭ তারিখ থেকে জনাব বদিউর রহমান ব্যাংকের পরিচালক পর্ষদের সদস্য হিসেবে জনাব শেখ এ কে মোতাহার হোসেন এর স্থলাভিষিক্ত হন। ১৭ জানুয়ারি ২০০৭ তারিখ থেকে জনাব শেখ এ কে মোতাহার হোসেন ব্যাংকের পরিচালক পর্ষদের সদস্য হিসেবে জনাব মোঃ আবদুল করিম এর স্থলাভিষিক্ত হন এবং ৩ আগস্ট ২০০৬ তারিখ থেকে জনাব মোঃ আবদুল করিম ব্যাংকের পরিচালক পর্ষদের সদস্য হিসেবে জনাব খায়রুজ্জামান চৌধুরী এর স্থলাভিষিক্ত হন।

পরিচালক পর্ষদ/এক্সিকিউটিভ কমিটির সভা

১১.২ অর্থবছর ০৭-এ পরিচালক পর্ষদের মোট ১০টি এবং এক্সিকিউটিভ কমিটির মোট ৬টি সভা অনুষ্ঠিত হয়।

পর্ষদের নিরীক্ষা কমিটি

১১.৩ ব্যাংকের সর্বস্তরে স্বচ্ছতা ও জবাবদিহিতা তথা সুশাসন প্রতিষ্ঠার লক্ষ্যে আন্তর্জাতিকভাবে অনুসৃত পদ্ধতির আলোকে ১২ আগস্ট ২০০২ তারিখ হতে ব্যাংকের নির্বাহী নন এমন চার জন পর্ষদ সদস্যের সমন্বয়ে একটি অডিট কমিটি গঠন করা হয়েছে। এ কমিটির কার্য পরিধি হলো ব্যাংকের আর্থিক বিবরণী প্রস্তুতকরণ পদ্ধতি, আর্থিক বিবরণী প্রস্তুতিতে অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও নিরীক্ষা পদ্ধতি সম্পর্কে পরিচালক পর্ষদের দায়-দায়িত্ব নিরূপণ/পরিপালনে সহায়তাকরণ। বর্তমানে কমিটিতে নিম্নোক্ত সদস্যগণ রয়েছেন ঃ-

ক)	ডঃ মমতাজ উদ্দিন আহমেদ	আহ্বায়ক
খ)	ডঃ সুফিয়া আহমেদ	সদস্য
গ)	জনাব জাফর আহমেদ চৌধুরী	সদস্য
ঘ)	জনাব বদিউর রহমান	সদস্য

অর্থবছর ০৭-এ নিরীক্ষা কমিটির ৩টি সভা অনুষ্ঠিত হয়।

বিভিন্ন পদে নতুন নিয়োগ

১১.৪ অর্থবছর ০৭-এ সহকারী পরিচালক (জেনারেল সাইড) পদে ১১৫ জন, সহকারী পরিচালক (পরিসংখ্যান) পদে ১০ জন, মেডিকেল অফিসার ২ জন ও ডাটা এন্ট্রি/কন্ট্রোল অপারেটর পদে ১ জনকে নিয়োগ দেয়া হয়।

সহকারী পরিচালক (জেনারেল সাইড)	১১৫
সহকারী পরিচালক (পরিসংখ্যান)	১০
মেডিকেল অফিসার	২
ডাটা এন্ট্রি/কন্ট্রোল অপারেটর	১
মোট ঃ	**১২৮**

অবসরগ্রহণ, স্বেচ্ছায় অবসরগ্রহণ, পদত্যাগ, মৃত্যু, চাকুরিচ্যুতি এবং বাধ্যতামূলক অবসর

১১.৫ অর্থবছর ০৭-এ বাংলাদেশ ব্যাংক হতে অবসরগ্রহণ, স্বেচ্ছায় অবসরগ্রহণ, পদত্যাগ, মৃত্যু, চাকুরিচ্যুতি এবং বাধ্যতামূলক অবসরপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারীর সংখ্যা নিম্নরূপ ঃ

ক)	অবসরগ্রহণ	১৪৪ জন
খ)	স্বেচ্ছায় অবসরগ্রহণ	৪ জন
খ)	পদত্যাগ	১২ জন
গ)	মৃত্যু	১২ জন
ঘ)	চাকুরিচ্যুতি	২ জন
ঙ)	বাধ্যতামূলক অবসর	৬ জন
মোট ঃ		**১৮০ জন**

সৃষ্ট/অবলুপ্ত পদসংখ্যা

১১.৬ অর্থবছর ০৭-এ ২৫টি পদ উন্নীত করা হয়েছে ও ৩০টি পদ অবলুপ্ত করা হয়েছে। ফলে, অর্থবছর ০৭ শেষে ব্যাংকের মোট পদসংখ্যা (মঞ্জুরিকৃত পদবল) ৭১২৮ জনে দাঁড়ায়।

ব্যাংকের কর্মকর্তা ও কর্মচারীর সংখ্যা

১১.৭ অর্থবছর ০৭-এ ব্যাংকের কর্মকর্তার সংখ্যা ৪১১১ জন থেকে হ্রাস পেয়ে ৪০৮৪ জনে দাঁড়ায়। আর কর্মচারীর সংখ্যা দাঁড়ায় ১৩১৮ জনে। অর্থবছর ০৭ শেষে শূন্য পদের সংখ্যা ছিল ১৭২৬।

প্রেষণ/লিয়েন এ নিয়োজিত কর্মকর্তার সংখ্যা

১১.৮ অর্থবছর ০৭-এ ব্যাংকের ৫০ জন কর্মকর্তা দেশে ও বিদেশে বিভিন্ন প্রতিষ্ঠানে প্রেষণে নিয়োজিত ছিলেন। অর্থবছর ০৭-এ ব্যাংকের ২৪ জন কর্মকর্তা লিয়েনে কর্মরত ছিলেন, যাদের মধ্যে দেশে ১৪ জন এবং বিদেশে ১০ জন।

ব্যাংকের বিভিন্ন বিভাগসমূহ পুনর্গঠন

১১.৯ অর্থবছর ০৭-এ “আর্থিক বাজার বিভাগ” এর নাম পরিবর্তন করে “আর্থিক প্রতিষ্ঠান ও বাজার বিভাগ” করা হয়েছে।

কল্যাণমূলক কার্যাবলী এবং বৃত্তি অনুমোদন

১১.১০ কর্মকর্তা/কর্মচারী কল্যাণ তহবিল হতে অর্থবছর ০৭-এ ব্যাংক কর্মকর্তা/কর্মচারীগণ-এর সন্তানদেরকে বৃত্তি হিসেবে ২.১৬ মিলিয়ন টাকা এবং চিকিৎসা সহায়তা হিসেবে ০.০৬ মিলিয়ন টাকা প্রদান করা হয়। এছাড়া বাংলাদেশ ব্যাংক কর্তৃক পরিচালিত বিদ্যালয়, মসজিদ, ক্লাব, দিবা-যত্ন কেন্দ্র, মুক্তিযোদ্ধা কল্যাণ পরিষদসমূহের বিনোদন এবং কল্যাণমূলক কার্যক্রম পরিচালনার জন্য ১৭.২০ মিলিয়ন টাকা বরাদ্দ করা হয়েছে।

বৈদেশিক প্রশিক্ষণ এবং অধ্যয়ন

১১.১১ অর্থবছর ০৭-এ ব্যাংকের ১০১ জন কর্মকর্তা বৈদেশিক প্রশিক্ষণ কোর্স/সেমিনার/কর্মশালায় অংশগ্রহণ করেন। অধিকন্তু, ১৩ জন কর্মকর্তা বিদেশে উচ্চ শিক্ষা গ্রহণ করছেন।

অভ্যন্তরীণ প্রশিক্ষণ এবং অধ্যয়ন

১১.১২ অর্থবছর ০৭-এ ব্যাংকের মোট ২৮৭ জন কর্মকর্তা/কর্মচারী দেশের বিভিন্ন প্রতিষ্ঠান (বাংলাদেশ ব্যাংক প্রশিক্ষণ একাডেমী ব্যতীত) কর্তৃক আয়োজিত বিভিন্ন প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ করেন। অধিকন্তু, ৩ জন কর্মকর্তাকে দেশের অভ্যন্তরে উচ্চ শিক্ষা গ্রহণ করার জন্য অনুমতি প্রদান করা হয়।

পারফরমেন্স ম্যানেজমেন্ট সিস্টেম (পিএমএস) চালুকরণ প্রসংগে

১১.১৩ বাংলাদেশ ব্যাংকের সংস্কার কার্যক্রম চলছে। সে সংস্কার কার্যক্রমের অন্যতম গুরুত্বপূর্ণ ইস্যু হচ্ছে নতুন পদ্ধতিতে কর্মকর্তাদের কর্মমূল্যায়ন করা। সে লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক ৯ এপ্রিল ২০০৬ তারিখের ৮নং প্রশাসনিক পরিপত্রের মাধ্যমে এপ্রিল ২০০৬ হতে নতুন কর্মমূল্যায়ন পদ্ধতি তথা Performance Management System (PMS) চালু করেছে। PMS চালুর পূর্বে ব্যাংকের শতকরা ১০০ ভাগ কর্মকর্তাদের এ বিষয়ে অবহিত করা হয়েছে। কর্তৃপক্ষ সকল কর্মকর্তাদের ২০০৬-২০০৭ বছরে কর্মমূল্যায়ন PMS এর মাধ্যমে মূল্যায়ন করার জন্য নির্দেশনা প্রদান করে। প্রথম বারের মতো বাংলাদেশ ব্যাংকের সকল বিভাগ/অফিসসমূহে ২০০৬-২০০৭ বছরের কর্মকর্তাদের কর্মমূল্যায়ন PMS এর মাধ্যমে মূল্যায়ন করা হয়েছে। কর্তৃপক্ষ সকল বিভাগ/অফিসের মহাব্যবস্থাপকগণকে ৩০/০৯/২০০৭ ভিত্তিক Half-Yearly Review সম্পন্ন করার অনুরোধ জানিয়েছে এবং ২০০৭-২০০৮ বছর থেকে PMS এর মাধ্যমে পরিপূর্ণভাবে কর্মমূল্যায়নের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে।

বাংলাদেশ ব্যাংক প্রশিক্ষণ একাডেমী (বিবিটিএ) কর্তৃক আয়োজিত প্রশিক্ষণ কোর্স, কর্মশালা ও সেমিনার

১১.১৪ বাংলাদেশ ব্যাংকের কর্মকর্তা/কর্মচারীদের তাত্ত্বিক ও প্রায়োগিক জ্ঞানের উন্নয়ন তথা পেশাগত দক্ষতা বৃদ্ধিকল্পে বাংলাদেশ ব্যাংক প্রশিক্ষণ একাডেমী (বিবিটিএ) অর্থবছর ০৭-এ মোট ৯২টি প্রশিক্ষণ কোর্স/কর্মশালা/সেমিনার এর আয়োজন করে, তন্মধ্যে ৬৬টি বিবিটিএ এর ঢাকা কেন্দ্রে এবং ২৬টি ঢাকার বাহিরে বাংলাদেশ ব্যাংকের অন্যান্য অফিসসমূহে অনুষ্ঠিত হয়। এতে মোট ৩২৩২ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন, তন্মধ্যে ১৪৫১ জন বাংলাদেশ

সারণী ১১.১ অর্থবছর ০৭-এ বিবিটিএ'তে অনুষ্ঠিত বিভিন্ন ধরনের প্রশিক্ষণ কোর্স, কর্মশালা ও সেমিনার এর বিবরণী

ক্রমিক নং	বিষয়	সংখ্যা	অংশগ্রহণকারীর সংখ্যা
১	২	৩	৪
১।	**বুনিয়াদি কোর্স**	**২**	**১১২**
i)	বুনিয়াদি কোর্স - ২০০৬ (এডি)	১	১০০
ii)	বুনিয়াদি কোর্স - ২০০৭ (এডি)	১	১২
২।	**বিশেষ ট্রেনিং কোর্স**	**৫৩**	**১৫৪৬**
ক)	**বাংলাদেশ ব্যাংকের কর্মকর্তাদের জন্য**	**২৮**	**৬৪৬**
i)	ব্যাংকিং লজ এন্ড রেগুলেশন	১	২৬
ii)	ফরেন এক্সচেঞ্জ এন্ড ফরেন ট্রেড	২	৪৬
iii)	ব্যাংকিং সুপারভিশন ঃ টেকনিকস্ এন্ড রিপোর্ট রাইটিং	২	৪৬
iv)	মাইক্রোসফট্ অফিস	৩	৭৩
v)	সেন্ট্রাল ব্যাংকিং এন্ড ইটস্ রোল ঃ প্রেজেন্ট এন্ড ফিউচার চ্যালেঞ্জেস্	১	২৫
vi)	রিসার্চ মেথডোলজি ঃ এনালাইসিস এন্ড প্রেজেন্টেশন অব ডাটা	১	১৪
vii)	রিপোর্ট রাইটিং এন্ড এনালিটিক্যাল স্কিল ডেভেলপমেন্ট	১	১৫
viii)	অফ-সাইট সুপারভিশন ইন মনিটারিং এন্ড ইভালুয়েশন অব ব্যাংকস এন্ড ফিনান্সিয়াল ইন্সটিটিউশনস্	১	১৭
ix)	ডেভেলপমেন্ট অব সিকিউরিটিজ মার্কেট	১	২৪
x)	ডেট সিকিউরিটাইজেশন	১	১৫
xi)	ইস্যু একাউন্টস্ এন্ড মেইনটেন্যান্স অব বুকস্	১	২৪
xii)	আইএফআরএস এন্ড আইএএস এন্ড ইটস্ এপিকেশন ইন বিবি	১	১৮
xiii)	একউন্টিং ফর ব্যাংকার্স	৩	৮১
xiv)	ব্যাংক ব্রাঞ্চ ইন্সপেকশন এন্ড কমপায়েন্স দেয়ারঅব	১	৪০
xv)	ব্যাংকিং লজ, রেগুলেশনস এন্ড প্র্যাকটিস	১	২৬
xvi)	ইন্টারনেট এন্ড ই-মেইল	২	৫৫
xvii)	ইনফ্লেশন ফরকাস্টিং এন্ড টার্গেটিং টেকনিকস্	১	১৭
xviii)	ক্রেডিট রিস্ক গ্রেডিং	১	২৫
xix)	ইংলিশ এন্ড বেঙ্গলী ল্যাঙ্গুয়েজ প্রফিসিয়েন্সি এন্ড রাইটিং স্কিল ডেভেঃ	১	২১
xx)	রিস্ক বেজড্ অডিটিং	১	১৮
xxi)	পেমেন্ট এন্ড সেটেলমেন্ট সিস্টেম	১	২১
খ)	**তফসিলি ব্যাংকের কর্মকর্তাদের জন্য**	**২৫**	**৯০০**
i)	মানি এন্ড ব্যাংকিং ডেটা রিপোর্টিং	৭	২৪৯
ii)	ফরেন এক্সচেঞ্জ ট্র্যানজেকশনস্ রিপোর্টিং টেকনিকস্	৭	২৫৩
iii)	ডিটেকসন, ডিসপোজাল অব ফোরজড্ এন্ড মিউটিলেটেড নোটস	৬	২১৫
iv)	একাউন্টিং অব ব্যাংকার্স	২	৮০
v)	ব্যাংক ব্রাঞ্চ ইন্সপেকশন এন্ড কমপায়েন্স দেয়ারঅব	২	৭২
vi)	কোর্স অন ম্যানেজিং কোর রিস্ক ইন ব্যাংকস	১	৩১
৩।	**কর্মশালা/ সেমিনার**	**২৫**	**৮৮১**
i)	ফাইলিং-আপ অব সিআইবি-০১ ফর্ম	২১	৭৫২
ii)	এফডিআই এন্ড এক্সটার্নাল ডেট্ স্ট্যাটিসটিক্স্ রিপোটিং	১	২০
iii)	ওরিয়েন্টেশন কোর্স	১	১৮
iv)	ক্যামেলস রেটিং	১	৩২
v)	রিজিওনাল কনফারেন্স ফর ডিসকাশন অন ব্যাংকিং অপারেশন	১	৫৯
৪।	**কর্মশালা/সেমিনার (বাংলাদেশ ব্যাংক)**	**৮**	**৩১২**
i)	মেকানিজম এন্ড ইফেক্টিভনেস অব রেপো এন্ড রিভার্স রেপো	১	৩৫
ii)	কজেস এন্ড রিমেডি অব ব্যাংকিং সিস্টেম ফেইলিওর	১	৩৬
iii)	গভর্নমেন্ট রুলস্ এন্ড রেগুলেশনস্ অন ইনকাম ট্যাক্স, ভ্যাট এন্ড ট্যাক্স এট সোর্স	১	৩৬
iv)	ওয়ার্কসপ অন কারেন্ট ইস্যুজ অব ব্যাংকিং সেক্টর	১	৪৩
v)	এক্সিকিউটিভ ডেভেলপমেন্ট সেমিনার	১	৭৬
vi)	ব্যাসেল-২ ঃ এ মডার্ন এপ্রোচ	১	২৩
vii)	এমআইএস ইন বাংলাদেশ ব্যাংক	১	৩৪
viii)	ম্যানার্স এন্ড এটিকেট	১	২৯
৫।	**বিশেষ প্রশিক্ষণ কর্মশালা/সেমিনার/কোর্স (অনুরোধে)**	**৪**	**৩৮১**
i)	আইসিটি অডিট চেকলিস্ট ফর সিডিউলড্ ব্যাংকস্ এন্ড ফিনান্সিয়াল ইন্সটিটিউশনস্	১	২৬
ii)	ইনটেনসিভ ট্রেনিং প্রোগ্রাম ফর লিগ্যালি কোয়ালিফাইড অফিসারস্	১	৩১
iii)	ক্যামেলস্ রেটিং	১	২৮৪
iv)	কোর ইনফ্লেশন মেজারস্ ফর বাংলাদেশ	১	৪০
সর্বমোট ঃ		**৯২**	**৩২৩২**

ব্যাংক হতে এবং ১৭৮১ জন তফসিলি ব্যাংকসমূহ ও সংশ্লিষ্ট অন্যান্য প্রতিষ্ঠান হতে অংশগ্রহণ করে। অর্থবছর ০৭-এ বিবিটিএ আয়োজিত প্রশিক্ষণ কোর্স, কর্মশালা ও সেমিনারের বিবরণ সারণী ১১.১ এ প্রদর্শিত হয়েছে।

কেন্দ্রীয় ব্যাংক শক্তিশালীকরণ প্রকল্প

১১.১৫ প্রকল্প ও তার উদ্দেশ্য ঃ আন্তর্জাতিক উন্নয়ন সংস্থা (আইডিএ) এর আর্থিক সহায়তায় বাংলাদেশ ব্যাংক কেন্দ্রীয় ব্যাংক শক্তিশালীকরণ প্রকল্প (সিবিএসপি) বাস্তবায়ন করছে। দেশের মুদ্রা ব্যবস্থা ও ব্যাংকিং খাতের নিয়ন্ত্রণকারী ও তদারকি কর্তৃপক্ষ হিসেবে বাংলাদেশ ব্যাংকের যথাযথ ভূমিকা পালন নিশ্চিত করার জন্য সামর্থ্য বৃদ্ধির মাধ্যমে একে একটি কার্যকরী ও আধুনিক কেন্দ্রীয় ব্যাংক হিসেবে গড়ে তোলাই হচ্ছে এ প্রকল্পের মূল উদ্দেশ্য।

প্রাক্কলিত ব্যয় ও মেয়াদ ঃ প্রকল্পের কার্যক্রম জুলাই ২০০৩ হতে শুরু হয়েছে এবং জুন ২০০৮ এর মধ্যে তা সমাপ্ত হবে বলে আশা করা যাচ্ছে। এটি মোট ৪৩.৫০ মিলিয়ন মার্কিন ডলার ব্যয় সাপেক্ষ একটি প্রকল্প যার মধ্যে আইডিএ প্রদান করবে ৩৭.০০ মিলিয়ন মার্কিন ডলার এবং অবশিষ্ট অর্থ বাংলাদেশ ব্যাংকের নিজস্ব উৎস থেকে নির্বাহ করা হবে।

প্রধান উপাদানসমূহ ঃ সিবিএসপি-তে ৩টি উপাদানের আওতায় কতিপয় সাব-কম্পোনেন্ট রয়েছে যার আর্থিক ব্যয়ের প্রাক্কলন নিম্নরূপ ঃ

প্রকল্পের আর্থিক ব্যয়ের প্রাক্কলন

প্রকল্পের উপাদানসমূহ	প্রকল্প ব্যয় (মিলিয়ন মার্কিন ডলার)	মোট ব্যয়ের শতাংশ
১। পুনর্বিন্যাস ও আধুনিকায়ন		
ক) কাঠামোগত পুনর্বিন্যাস	১.৫৫	৩.৫৬
খ) অটোমেশন	৩২.৫৮	৭৪.৯০
গ) মানব সম্পদ উন্নয়ন	৩.৯৪	৯.০৬
২। সামর্থ্য বৃদ্ধি		
ক) গবেষণা বিভাগ শক্তিশালীকরণ	০.৭৬	১.৭৫
খ) প্রুডেন্সিয়াল রেগুলেশন ও সুপারভিশন শক্তিশালীকরণ	০.৩০	০.৬৯
গ) একাউন্টিং ও অডিটিং স্টান্ডার্ড শক্তিশালীকরণ	০.২০	০.৪৬
৩। আইনী কাঠামো শক্তিশালীকরণ	**১.১৪**	**২.৬২**
৪। অবরাদ্দকৃত	০.৩৬	০.৮৩
৫। প্রজেক্ট লঞ্চ ওয়ার্কশপ, দরপত্র মূল্যায়ন, প্রকল্প মূল্যায়ন ও বিবিধ, সিডি/ভ্যাট	২.৬৭	৬.১৪
মোট প্রকল্প ব্যয় ঃ	**৪৩.৫০**	**১০০**

বাস্তবায়ন ঃ প্রধান প্রধান ক্ষেত্রসমূহের উপর ভিত্তি করে প্রকল্পটিকে সাতটি উপাদানে ভাগ করা হয়েছে। প্রকল্পের মূল উপাদানসমূহ এবং তাদের বিপরীতে এ যাবৎ গৃহীত পদক্ষেপসমূহ নিম্নে সংক্ষেপে উলেখ করা হলো ঃ

ক) পুনর্বিন্যাস এবং আধুনিকায়ন

কাঠামোগত পুনর্বিন্যাস ঃ বাংলাদেশ ব্যাংকের কার্যক্রমে গতিশীলতা আনয়নের লক্ষ্যে ইতোমধ্যে কয়েকটি বিভাগ অবলুপ্তকরণ এবং কয়েকটি বিভাগ একীভূতকরণের মাধ্যমে সাংগঠনিক কাঠামো পুনর্গঠন করা হয়েছে। এছাড়া, কয়েকটি বিভাগের কার্যক্রম পুনর্বিন্যাস করা হয়েছে। প্রাইসওয়াটার-হাউসকুপারস ডেভেলপমেন্ট এসোসিয়েটস্, ইউকে লিঃ মডার্নাইজেশন এক্সপার্ট (ফার্ম) হিসেবে প্রকল্পে কর্মরত রয়েছে। ফার্মটি কালচারাল ও ভ্যালু সার্ভে পরিচালনা করেছে এবং ব্যাংকের ২৭টি বিভাগের লক্ষ্য ও উদ্দেশ্য চূড়ান্ত করেছে। বিজনেস প্রসেস রিইঞ্জিনিয়ারিং এর অংশ হিসেবে ৫টি বিদ্যমান ওয়ার্কিং প্রসেস নির্ধারণ ও লিপিবদ্ধ করা হয়েছে। এ অভিজ্ঞতার আলোকে অন্যান্য বিজনেস প্রসেস রিইঞ্জিনিয়ারিং প্রস্তুতের কার্যক্রম শুরু করা হবে, যাতে অটোমেশন প্রকল্প সফলতার সাথে বাস্তবায়ন করা যায়।

অটোমেশন ঃ বাংলাদেশ ব্যাংকের সার্বিক কার্যক্রম অটোমেশনের জন্য একটি ইনফরমেশন সিস্টেম (কম্পিউটার, এক্সেসরিজ, সফট্ওয়্যার, আইটি সল্যুশন ইত্যাদি) ক্রয়ের নিমিত্তে বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। সমগ্র ইনফরমেশন সিস্টেম ছয়টি ভিন্ন ভিন্ন প্যাকেজে বাস্তবায়িত হবে। এ প্যাকেজসমূহের নাম ও বাস্তবায়নের পর্যায় নিম্নরূপঃ ১) হার্ডওয়্যার এন্ড সফট্ওয়্যার - বিশ্ব ব্যাংকের সিদ্ধান্তের জন্য অপেক্ষমান; ২) ল্যান, ওয়ান, অফিস অটোমেশন, ইন্ট্রানেট এন্ড ইলেক্ট্রিক্যাল - বীড মূল্যায়নের ফলাফল প্রস্তুতি চূড়ান্ত পর্যায়ে রয়েছে; ৩) ব্যাংকিং এপিকেশন-বীড মূল্যায়নের কার্যক্রম চলছে; ৪) এন্টারপ্রাইজ রিসোর্স প্ল্যানিং-বীড মূল্যায়নের কার্যক্রম চলছে, ৫) আইটি সিস্টেম ইন্টিগ্রেশন ফার্ম - এক্সপ্রেশন অব ইন্টারেস্ট এর মূল্যায়নের কার্যক্রম চলছে এবং ৬) ইলেক্ট্রনিক ডাটা ওয়্যারহাউজ - বীড সংক্রান্ত দলিলাদি বিশ্ব ব্যাংকের অনাপত্তির জন্য পাঠানো হয়েছে।

মানব সম্পদ উন্নয়ন ঃ এ কম্পোনেন্ট বাস্তবায়নের নিমিত্তে ব্যাংক একজন ইন্টারন্যাশনাল হিউম্যান রিসোর্স এডভাইজার এর সাহায্য নিয়েছে। তাঁর চুক্তি গত ১ ফেব্রুয়ারি ২০০৭ তারিখে শেষ হয়েছে। ইন্টারন্যাশনাল হিউম্যান রিসোর্স এডভাইজার এর সুপারিশকৃত প্রস্তাবসমূহ যথাযথভাবে বাস্তবায়নের জন্য একজন ন্যাশনাল হিউম্যান রিসোর্স এডভাইজার নিয়োগের প্রক্রিয়া চলছে। ব্যাংকের পরিচালক পর্ষদ বাংলাদেশ ব্যাংকের কর্মকর্তাদের জন্য Training Need Assessment (TNA) অনুমোদন করেছে।

খ) সামর্থ্য বৃদ্ধি

গবেষণা বিভাগ শক্তিশালীকরণ ঃ বাংলাদেশ ব্যাংকের গবেষণা কার্যক্রমের মানোন্নয়নের লক্ষ্যে গবেষণা বিভাগে একজন রিসার্চ এডভাইজারের নেতৃত্বে 'পলিসি এনালাইসিস ইউনিট (পিএইউ)' নামে একটি বিশেষণমূলক ইউনিট গঠন করা হয়েছে। উক্ত ইউনিট মনিটারী পলিসি রিভিউ ও ফিনান্সিয়াল সেক্টর রিভিউ প্রকাশ করেছে। অধিকন্তু, উক্ত ইউনিট কয়েকটি ওয়ার্কিং পেপার এবং পলিসি নোটও প্রকাশ করেছে এবং ইন্টারন্যাশনাল এক্সপার্ট ও পিএইউ এর অর্থনীতিবিদদের তত্ত্বাবধানে কয়েকটি সেমিনার এবং প্রশিক্ষণ কোর্সের আয়োজন করেছে।

প্রুডেন্সিয়াল রেগুলেশন ও সুপারভিশন শক্তিশালীকরণ ঃ এ বিষয়ে একজন ব্যাংক সুপারভিশন এক্সপার্ট নিয়োগ করা হয়েছিল। তিনি ব্যাংকিং খাতের সুপারভিশনের ক্ষেত্রে বাংলাদেশ ব্যাংকের কর্মকর্তাগণের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে

বিভিন্ন নীতিমালা সুপারিশ করেছেন। কনসালট্যান্ট একটি রিক্স বেজড্ ইন্সপেকশন ম্যানুয়াল প্রদান করেছেন যা বিবি টীম রিভিউ করেছে। ডিপার্টমেন্ট অব অফসাইট সুপারভিশন আর্লি ওয়ার্নিং ম্যাট্রিক্স এর মাধ্যমে সুপারভিশন শুরু করেছে।

একাউন্টিং ও অডিটিং স্ট্যান্ডার্ড শক্তিশালীকরণ ঃ বাংলাদেশ ব্যাংক অর্থবছর ০৩ থেকে আর্থিক বিবরণী প্রণয়নের ক্ষেত্রে হিসাব সংরক্ষণের মানদণ্ড হিসেবে ইন্টারন্যাশনাল একাউন্টিং স্ট্যান্ডার্ডস্ (আইএএস) এবং নিরীক্ষার ক্ষেত্রে ইন্টারন্যাশনাল স্ট্যান্ডার্ডস্ অন অডিটিং (আইএসএ) অনুসরণ করছে। একাউন্টস্ এন্ড বাজেটিং ডিপার্টমেন্টের জন্য প্রোসেস ম্যাপিং সম্পন্ন করা হয়েছে। এছাড়া, ব্যাংকের জন্য একটি বিশদ ফিনান্সিয়াল ম্যানেজমেন্ট ম্যানুয়াল এবং একটি ইন্টারনাল অডিট ম্যানুয়াল প্রণয়নের নিমিত্তে একটি লোকাল সিএ ফার্ম শীঘ্রই নিয়োগ করা হবে।

গ) আইনী কাঠামো শক্তিশালীকরণ

বাংলাদেশ ব্যাংকের আইনী কাঠামো শক্তিশালীকরণ ও অভ্যন্তরীণ আইন কর্মকর্তাদের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে ফ্রান্সের 'গাইড লরেট নয়েল (জিএলএন)' নামক আন্তর্জাতিক ল' ফার্মের সাথে যৌথভাবে বাংলাদেশী ল' ফার্ম 'এ হোসেন এন্ড এসোসিয়েটস্' লিগ্যাল কাউন্সেল হিসেবে কর্মরত রয়েছে। ফার্মটি বাংলাদেশ ব্যাংকের আইন বিষয়ে শিক্ষাগত যোগ্যতাসম্পন্ন কর্মকর্তাদের জন্য বিশেষ প্রশিক্ষণ কর্মসূচি আয়োজন করেছে। এছাড়া, উক্ত ফার্ম বাংলাদেশ ব্যাংক কর্তৃক ইস্যুকৃত সার্কুলার, নির্দেশাবলীর সংকলন সম্পন্ন করেছে এবং তারা শীঘ্রই বিবিও, বিসিএ, এফআইএ, বিবি স্টাফ রেগুলেশন এন্ড কোড অফ কনডাক্ট এবং আইন বিভাগের পুনর্বিন্যাসের রিপোর্টের খসড়া চূড়ান্ত করে পেশ করবে।